রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৫, ২০১৯

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

## মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

### প্রজ্ঞাপন

তারিখ: ০৪ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ/১৭ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ৯৭-আইন/২০১৯।—মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২নং আইন) এর ধারা ৫১ তে প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৪ এর দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(চ) সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বিধি ১৫ক তে নির্ধারিত হারে বাৎসরিক ফি প্রদান করিতে হইবে;"

(খ) বিধি ১৫ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১৫ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১৫। সনদ ফি।—ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সনদ ফি হইবে নিম্নরূপ, যথা :—

| ক্রমিক নং | ঋণগ্রহীতার সংখ্যা | সনদ ফি (টাকায়) |
|---|---|---|
| (১) | ১০ লক্ষের উপরে | ৫ লক্ষ |
| (২) | ১ লক্ষের উপর হইতে ১০ লক্ষ পর্যন্ত | ২ লক্ষ |
| (৩) | ২৫ হাজারের উপর হইতে ১ লক্ষ পর্যন্ত | ২৫ হাজার |
| (৪) | ২৫ হাজার পর্যন্ত | ১০ হাজার ।"; এবং |



মূল্য : টাকা ৪.০০

(গ) বিধি ১৫ এর পর নিম্নরূপ নূতন বিধি ১৫ক সন্নিবেশিত হইবে, যথা :—

"১৫ক। বাৎসরিক ফি।—(১) সনদপ্রাপ্ত প্রত্যেক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে প্রতি অর্থ বৎসরে অর্জিত সার্ভিস চার্জ আয়ের উপর ০.১৫% হারে বাৎসরিক ফি কর্তৃপক্ষকে, তদ্‌কর্তৃক সময় সময় নির্ধারিত পদ্ধতি ও মেয়াদের মধ্যে, পরিশোধ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, বাৎসরিক ফি এর পরিমাণ ১০,০০০ (দশ হাজার) টাকার কম হইবে না।"

কর্তৃপক্ষের আদেশক্রমে

অমলেন্দু মুখার্জী
এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd